গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
শিবালয়, মানিকগঞ্জ।

স্মারক নং – উখান/শিবা/মানিক/২০২৬-১১০ তারিখঃ- ০৩.০৩.২০২৬ খ্রিঃ

প্রাপক,

জনাব, ...........................................................................
খাদ্যবান্ধব/ওএমএস ডিলার ........................................... বিক্রয় কেন্দ্র
..........................................ইউনিয়ন শিবালয়, মানিকগঞ্জ।

বিষয়:- খাদ্যবান্ধব/ওএমএস কর্মসূচীর চাল বিক্রয় পরিচালনা প্রসঙ্গে।

উপযুরক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি খাদ্যবান্ধব/ওএমএস ডিলার হিসেবে দীর্ঘদিন যাবৎ চাল বিক্রি কার্যক্রম পরিচালনা করে আসছেন। ওএমএস কার্যক্রমের আওতায় চাল বিক্রি কার্যক্রম চলমান এবং চলতি মাস হতে খাদ্যবান্ধব ভোক্তাদের মাঝে চাল বিক্রি কার্যক্রম শুরু হবে। মিশ্রণ মিলার/ খাদ্য গুদাম হতে চাল গ্রহন কালে অবশ্যই ভালো মানের বস্তায় সঠিক ওজনে এবং চালের মান যাচাই করে ভালো মানের চাল গ্রহন করার জন্য বলা হেলো। ব্যত্যয়ে সকল দায়ভার আপনার উপর বর্তাবে। এছাড়া নিম্মোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুরোধ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১. ডিলারদের দোকানের সামনে খাদ্যশস্যের পরিমান ও মূল্য উল্লেখসহ নির্দিষ্ট মাপ ও রং এর ব্যানার ঝুলিয়ে রাখতে হবে।
২. মজুদ থাকা সাপেক্ষে খাদ্যবান্ধব ডিলারের বিক্রয় কেন্দ্র সকাল ১০ টা হতে বিকাল ৫ টা পর্যন্ত এবং ওএমএস ডিলারের বিক্রয় কেন্দ্র সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা পযর্ন্ত খোলা রেখে বিক্রি করতে হবে।
৩. ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারী ছুটিরদিন ব্যতিত প্রতিদিন এবং খাদ্যবান্ধব কার্যক্রমে উপজেলা কমিটি কর্তৃক নির্ধারিত দিনে চাল বিতরণ করা হবে।
৪. বিক্রি চলাকালীন ডিলারকে বিক্রয়কেন্দ্রে উপস্থিত থেকে চাল বিক্রি করতে হবে। ট্যাগ অফিসার নির্ধারিত সময়ে বিক্রয় কেন্দ্রে উপস্থিত হয়ে ডিও পরীক্ষান্তে বস্তা ও মালামাল সঠিক পেয়ে বিক্রয় শুরুর অনুমতি দিবেন এবং বিক্রয়কালীন উপস্থিত থেকে বিক্রি শেষে রেজিস্টার স্বাক্ষর করবেন।
৫. খাদ্যবান্ধব প্রতি ভোক্তা প্রতিকেজি ১৫/- টাকা হিসাবে ৩০ কেজি ও ওএমএস ভোক্তাগণ প্রতিকেজি ৩০/- টাকা হিসাবে ৫ কেজি করে চাল পাবেন।
৬. ডিলার বিতরণকৃত ও অবিতরনকৃত চাল মাস্টাররোল ও হিসাব সংক্রান্ত রেজিষ্টার নির্বাহ করবেন।
৭. বিক্রয় কেন্দ্রে শতভাগ ডিজিটাল ওজন যন্ত্রের (ডিজিটাল স্কেল) ব্যবহার আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। ওজন করা ব্যতিত কোন ভোক্তাকে চাল প্রদান করা যাবে না।
৮. ভোক্তাদের সঠিক পরিচয় নিশ্চিত হওয়ার জন্য সরবরাহকৃত মাস্টাররোল/ মাস্টাররোলের ছবির সাথে মিলিকরণ পূর্বক চাল বিতরন করতে হবে। ভোক্তার সঠিক পরিচয় নিশ্চিত না হয়ে কোন ভাবেই চাল বিক্রয় করা যাবেনা। সংগত কারণে কোন ভোক্তা আসতে না পারলে তার প্রাপ্য খাদ্যশস্য বৈধপ্রতিনিধির নিকট উপস্থিত ট্যাগ অফিসার/মেম্বার/ভোক্তাদের প্রত্যয়ন সাপেক্ষে সংগ্রহ করা যাবে।
৯. চাল/আটা বিক্রি কালীন সময়ে ক্রেতাদের ২ টি পৃথক লাইন করতে হবে। একটি লাইনে মহিলা ক্রেতাগণ এবং অপর লাইনে পুরুষ ক্রেতাগণ দাড়াবেন।

ভোক্তাদের নিকট চাল বিতরণ কালে এর কোন ব্যত্যয় হলে আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

০৩/০৩/২৬
শামছুন নাহার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
শিবালয়, মানিকগঞ্জ।

স্মারক নং – উখান/শিবা/মানিক/২০২৬-১১০ তারিখঃ- ০৩.০৩.২০২৬ খ্রিঃ

**অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতির জন্য।**

০১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মানিকগঞ্জ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ।
০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবালয় থানা, শিবালয়, মানিকগঞ্জ।
০৬। ট্যাগ অফিসার (সকল) ............................................................শিবালয়, মনিকগঞ্জ।
০৭। চেয়ারম্যান/প্রশাসক (সকল) ........................................ইউনিয়ন পরিষদ, শিবালয়, মানিকগঞ্জ।
০৮। অফিস কপি।

শামছুন নাহার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
শিবালয়, মানিকগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
শিবালয়, মানিকগঞ্জ।

স্মারক নং – উখান/শিবা/মানিক/২০২৬-১১০ তারিখঃ- ০৩.০৩.২০২৬ খ্রিঃ

প্রাপক,

জনাব, ..........................................................................

খাদ্যবান্ধব/ওএমএস ডিলার ............................................ বিক্রয় কেন্দ্র

..........................................ইউনিয়ন শিবালয়, মানিকগঞ্জ।

বিষয়:- খাদ্যবান্ধব/ওএমএস কর্মসূচীর চাল বিক্রয় পরিচালনা প্রসঙ্গে।

উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি খাদ্যবান্ধব/ওএমএস ডিলার হিসেবে দীর্ঘদিন যাবৎ চাল বিক্রি কার্যক্রম পরিচালনা করে আসছেন। ওএমএস কার্যক্রমের আওতায় চাল বিক্রি কার্যক্রম চলমান এবং চলতি মাস হতে খাদ্যবান্ধব ভোক্তাদের মাঝে চাল বিক্রি কার্যক্রম শুরু হবে। মিশ্রণ মিলার/ খাদ্য গুদাম হতে চাল গ্রহন কালে অবশ্যই ভালো মানের বস্তায় সঠিক ওজনে এবং চালের মান যাচাই করে ভালো মানের চাল গ্রহন করার জন্য বলা হেলো। ব্যত্যয়ে সকল দায়ভার আপনার উপর বর্তাবে। এছাড়া নিম্মোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুরোধ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১. ডিলারদের দোকানের সামনে খাদ্যশস্যের পরিমান ও মূল্য উল্লেখসহ নির্দিষ্ট মাপ ও রং এর ব্যানার ঝুলিয়ে রাখতে হবে।
২. মজুদ থাকা সাপেক্ষে খাদ্যবান্ধব ডিলারের বিক্রয় কেন্দ্র সকাল ১০ টা হতে বিকাল ৫ টা পর্যন্ত এবং ওএমএস ডিলারের বিক্রয় কেন্দ্র সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা পযর্ন্ত খোলা রেখে বিক্রি করতে হবে।
৩. ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারী ছুটিরদিন ব্যতিত প্রতিদিন এবং খাদ্যবান্ধব কার্যক্রমে উপজেলা কমিটি কর্তৃক নির্ধারিত দিনে চাল বিতরণ করা হবে।
৪. বিক্রি চলাকালীন ডিলারকে বিক্রয়কেন্দ্রে উপস্থিত থেকে চাল বিক্রি করতে হবে। ট্যাগ অফিসার নির্ধারিত সময়ে বিক্রয় কেন্দ্রে উপস্থিত হয়ে ডিও পরীক্ষান্তে বস্তা ও মালামাল সঠিক পেয়ে বিক্রয় শুরুর অনুমতি দিবেন এবং বিক্রয়কালীন উপস্থিত থেকে বিক্রি শেষে রেজিস্টার স্বাক্ষর করবেন।
৫. খাদ্যবান্ধব প্রতি ভোক্তা প্রতিকেজি ১৫/- টাকা হিসাবে ৩০ কেজি ও ওএমএস ভোক্তাগণ প্রতিকেজি ৩০/- টাকা হিসাবে ৫ কেজি করে চাল পাবেন।
৬. ডিলার বিতরণকৃত ও অবিতরনকৃত চাল মাস্টাররোল ও হিসাব সংক্রান্ত রেজিষ্টার নির্বাহ করবেন।
৭. বিক্রয় কেন্দ্রে শতভাগ ডিজিটাল ওজন যন্ত্রের (ডিজিটাল স্কেল) ব্যবহার আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। ওজন করা ব্যতিত কোন ভোক্তাকে চাল প্রদান করা যাবে না।
৮. ভোক্তাদের সঠিক পরিচয় নিশ্চিত হওয়ার জন্য সরবরাহকৃত মাস্টাররোল/ মাস্টাররোলের ছবির সাথে মিলিকরণ পূর্বক চাল বিতরন করতে হবে। ভোক্তার সঠিক পরিচয় নিশ্চিত না হয়ে কোন ভাবেই চাল বিক্রয় করা যাবেনা। সংগত কারণে কোন ভোক্তা আসতে না পারলে তার প্রাপ্য খাদ্যশস্য বৈধপ্রতিনিধির নিকট উপস্থিত ট্যাগ অফিসার/মেম্বার/ভোক্তাদের প্রত্যয়ন সাপেক্ষে সংগ্রহ করা যাবে।
৯. চাল/আটা বিক্রি কালীন সময়ে ক্রেতাদের ২ টি পৃথক লাইন করতে হবে। একটি লাইনে মহিলা ক্রেতাগণ এবং অপর লাইনে পুরুষ ক্রেতাগণ দাড়াবেন।

ভোক্তাদের নিকট চাল বিতরণ কালে এর কোন ব্যত্যয় হলে আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

শামছুন নাহার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
শিবালয়, মানিকগঞ্জ।

স্মারক নং – উখান/শিবা/মানিক/২০২৬-১১০ তারিখঃ- ০৩.০৩.২০২৬ খ্রিঃ

**অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতির জন্য।**

০১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মানিকগঞ্জ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ।
০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবালয় থানা, শিবালয়, মানিকগঞ্জ।
০৬। ট্যাগ অফিসার (সকল) ..........................................................শিবালয়, মনিকগঞ্জ।
০৭। চেয়ারম্যান/প্রশাসক (সকল) ........................................ইউনিয়ন পরিষদ, শিবালয়, মানিকগঞ্জ।
০৮। অফিস কপি।

শামছুন নাহার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
শিবালয়, মানিকগঞ্জ।